# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৫]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ১৫: মাগরিবের শেষ সময়

آخر وقت المغرب

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ سُلَيْمَانَ، قال: حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، قال: حَدَّثَنَا خَارِجَةُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ سُلَيْمَانَ بْنِ زَيْدِ بْنِ ثَابِتٍ، قال: حَدَّثَنِي الْحُسَيْنُ بْنُ بَشِيرِ بْنِ سَلَّامٍ، عَنْ أَبِيهِ، قال: دَخَلْتُ أَنَا وَمُحَمَّدُ بْنُ عَلِيٍّ، عَلَى جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيِّ، فَقُلْنَا لَهُ: أَخْبِرْنَا عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَذَاكَ زَمَنَ الْحَجَّاجِ بْنِ يُوسُفَ، قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى الظُّهْرَ حِينَ زَالَتِ الشَّمْسُ وَكَانَ الْفَيْءُ قَدْرَ الشِّرَاكِ، ثُمَّ صَلَّى الْعَصْرَ حِينَ كَانَ الْفَيْءُ قَدْرَ الشِّرَاكِ وَظِلِّ الرَّجُلِ، ثُمَّ صَلَّى الْمَغْرِبَ حِينَ غَابَتِ الشَّمْسُ، ثُمَّ صَلَّى الْعِشَاءَ حِينَ غَابَ الشَّفَقُ، ثُمَّ صَلَّى الْفَجْرَ حِينَ طَلَعَ الْفَجْرُ، ثُمَّ صَلَّى مِنَ الْغَدِ الظُّهْرَ حِينَ كَانَ الظِّلُّ طُولَ الرَّجُلِ، ثُمَّ صَلَّى الْعَصْرَ حِينَ كَانَ ظِلُّ الرَّجُلِ مِثْلَيْهِ قَدْرَ مَا يَسِيرُ الرَّاكِبُ سَيْرَ الْعَنَقِ إِلَى ذِي الْحُلَيْفَةِ، ثُمَّ صَلَّى الْمَغْرِبَ حِينَ غَابَتِ الشَّمْسُ، ثُمَّ صَلَّى الْعِشَاءَ إِلَى ثُلُثِ اللَّيْلِ أَوْ نِصْفِ اللَّيْلِ شَكَّ زَيْدٌ، ثُمَّ صَلَّى الْفَجْرَ فَأَسْفَرَ .

تخريج دارالدعوه: تفرد بہ النسائي، (تحفة الأشراف: ٢٢١٧) (صحيح) بما تقدم برقم:٥٠٥ وما يأتى بأرقام ٥٢٧، ٥٢٨ (اس کے راوی ”حسین“ لین الحدیث ہیں، لیکن متابعات سے تقویت پا کر یہ روایت بھی صحیح ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 525 - صحيح

বাংলা

৫২৪. আহমাদ ইবনু সুলায়মান (রহ.) ..... বাশীর ইবনু সাল্লাম (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, হাজ্জাজ ইবনু ইউসুফ-এর আমলে আমি এবং মুহাম্মাদ ইবনু ’আলী (রাঃ) জাবির ইবনু আবদুল্লাহ আল আনসারী (রাঃ)-এর কাছে উপস্থিত হয়ে বললাম, আমাদেরকে রাসূলুল্লাহ (সা.) -এর সালাত সম্পর্কে বলুন, তিনি [জাবির (রাঃ)] বললেন, যখন সূর্য ঢলে পড়ল এবং ছায়া সেন্ডেলের ফিতার সমান হল তখন রাসূলুল্লাহ (সা.) নিজের ঘর হতে বের হয়ে যুহরের সালাত আদায় করলেন। পুনরায় যখন ছায়া সেন্ডেলের ফিতা পরিমান ও মানুষের ছায়ার সমপরিমাণ হল তখন ’আসরের সালাত আদায় করলেন। সূর্য অস্তমিত হলে মাগরিবের সালাত আদায় করলেন। লালিমা অদৃশ্য হলে ’ইশার সালাত আদায় করলেন। ফজর উদয় হলে (প্রথম ওয়াক্তে) ফজরের সালাত আদায় করলেন। পরের দিন লোকের ছায়া তার সমান হলে যুহরের সালাত আদায় করলেন। মানুষের ছায়া যখন তার দ্বিগুণ হল এবং সূর্যাস্তের পূর্বে এতটুকু সময় বাকী রইল যে, একজন দ্রুতগামী আরোহী (মদীনাহ্ হতে) যুলহুলায়ফাহ্ নামক স্থান পর্যন্ত পৌছতে পারে তখন তিনি আসরের সালাত আদায় করলেন। সূর্যাস্তের পর মাগরিবের সালাত আদায় করলেন। রাত এক-তৃতীয়াংশ অথবা রাত অর্ধেক হওয়ার পূর্বে (বর্ণনাকারী যায়দ সন্দেহ করেছে) ইশার সালাত আদায় করলেন। আবার ভোর আলোকিত হলে ফজরের সালাত আদায় করলেন।

## English

15. The End Of The Time For Maghrib

Al-Husain bin Bashir bin Sallam narrated that his father said: Muhammad bin 'Ali and I entered upon Jabir bin 'Abdullah Al-Ansari. We said to him: 'Tell us about the prayer of the Messenger of Allah (ﷺ).' That was at the time of Al-Hajjaj bin Yusuf. He said: 'The Messenger of Allah (ﷺ) came out and prayed Zuhr when the sun had passed its zenith and the shadow (of a thing) was the length of a sandal-strap. Then he prayed 'Asr when the shadow of a man was the length of a sandal-strap plus his height. Then he prayed Maghrib when the sun had set. Then he prayed 'Isha' when the twilight disappeared. Then he prayed Fajr when dawn broke. The next day he prayed Zuhr when a man's shadow was equal to his height. Then he prayed 'Asr when a man's shadow was twice his height, and (the time between the prayer and sunset) lasted as long as it takes a swift rider to reach Dhul-Hulaifah. Then he prayed Maghrib when the sun set, then he prayed 'Isha' when one-third or one-half of the night had passed' - (One of the narrators) Zaid, was not sure - then he prayed Fajr when it had become bright.

## ফুটনোট

সহীহ: ইমাম নাসায়ী এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86797

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন